দামুড়হুদা মডেল থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

দামুড়হুদা মডেল থানা পুলিশের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টার সময় দামুড়হুদা মডেল থানা চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,যার জন্ম না হলে এ দেশ স্বাধীন হতো না এবং আজও আমরা পাকিস্তানের দাসত্বের নিগড়ে আবদ্ধ থাকতাম, ইতিহাসের মহামানব সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের নির্যাতিত-নিপীড়িত মানুষের শ্রেষ্ঠবন্ধু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আমরা এই আগস্ট মাসে হারিয়েছি। শোকাবহ আগস্টের সেই কালরাতে ঘাতকের নির্মম বুলেটে প্রাণ হারিয়েছেন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ জাতির পিতার পরিবারের অন্যান্য সদস্যগণ-তাদের সকলকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি দৃঢ় নীতি, আদর্শ ও সঙ্কল্পবোধ নিয়ে তিনি যুদ্ধবিধ্বস্ত স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গঠনে অগ্রসর হয়েছিলেন। কিন্তু জাতীয়-আন্তর্জাতিক ষড়যন্ত্রে খুনিচক্র তাকে দেশের অভ্যন্তরে সপরিবারে হত্যা করে। জাতির জনককে সপরিবারে হত্যা করেই খুনিচক্র ক্ষান্ত হয়নি। একই বছরের ৩ নভেম্বর আওয়ামী লীগকে নেতৃত্ব শূন্য করার জন্য কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে-বঙ্গবন্ধুর অবর্তমানে যারা বারবার নেতৃত্ব দিয়েছেন-জাতীয় চার নেতাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল জাতীয় রাজনীতিতে নেতৃত্ব শূন্যতা তৈরি করা। কিন্তু ঘাতকচক্রের ষড়যন্ত্র আমরা সফল হতে দেইনি। আওয়ামী লীগের রক্তে ভেজা পতাকা দলীয় ও জাতীয় ঐক্যের প্রতীক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার হাতে আমরা তুলে দিয়ে সেদিন আমরা ঐতিহাসিক ভূমিকা পালন করেছিলাম। আজ তা প্রমাণিত। জাতির জনক অর্থনৈতিক উন্নয়নের যে ভিত্তিভূমি তৈরি করে দিয়ে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই ভিত্তির উপর দাঁড়িয়ে বঙ্গবন্ধুর

চেতনা ধারণ করে, শোককে শক্তিতে পরিণত করেছেন। তিনি নিষ্ঠা, সততা ও সাহসের সাথে সব প্রতিকূলতা অতিক্রম করে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপান্তরিত করতে জাতিকে সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী। ওসি অপারেশন শফিউল আলম, সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন, হাউলী ইউনিয়ন চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ দামুড়হুদা মডেল থানার কর্মকর্তাগণ রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক।

আলমডাঙ্গায় থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে জাতীয় শোকের মাস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টায় উপজেলা মঞ্চে এ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক লাল্টু।

এছাড়াও উপজেলা ও পৌরসহ বিভিন্ন ইউনিয়ন আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের শোক দিবসের আলোচনা সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুরে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের নবগঠিত জেলা শাখার আহ্বায়ক কমিটির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভা শেষে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের মেহেরপুর জেলা মহিলা আহ্বায়ক কমিটি গঠন করা হয়, যা কেন্দ্র থেকে চুড়ান্ত অনুমোদনের পর আনুষ্ঠানিক ভাবে প্রকাশ করা হবে।

আজ শনিবার (২৬ আগষ্ট) বেলা সাড়ে ১২টায় মেহেরপুর জেলা পরিষদের সম্মেলন কক্ষে জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুরে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের আলোচনা সভা ও জেলা মহিলা আহ্বায়ক কমিটি গঠনের অনুষ্ঠান দুটি অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের কেন্দ্রীয় নেতারা মেহেরপুর জেলার সকল নেতাকর্মীকে নিজেদের মধ্যেকার ভেদাভেদ ভুলে গিয়ে একতাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

বিশ্বনাথ সাহার সভাপতিত্বে এবং অশোক চন্দ্র বিশ্বাস ও সুব্রত সাহা বাপ্পার সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এড. গ্লোরিয়া ঝর্না সরকার এমপি, বিশেষ অতিথি হিসেবে মহিলা ঐক্য পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক দীপালী চক্রবর্তী, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এড. এম এ সালাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এড. মিয়া জান আলী, হিন্দু

বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি ডাঃ মার্টিন হীরক চৌধুরী, সনজিদ পাল বাপ্পি এবং এড. সুজন কুমার মন্ডল বক্তব্য রাখেন ।

আলোচনা সভায় আলোচকরা বলেন ১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোররাতে সেনাবাহিনীর কয়েকজন বিপথগামী সদস্য ধানমন্ডির বাসভবনে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করে। ঘাতকরা শুধু বঙ্গবন্ধুকেই হত্যা করেনি, তাদের হাতে একে একে প্রাণ হারিয়েছেন বঙ্গবন্ধুর সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা, বঙ্গবন্ধুর সন্তান শেখ কামাল, শেখ জামাল ও শিশু শেখ রাসেলসহ পুত্রবধূ সুলতানা কামাল ও রোজি জামাল।

পৃথিবীর এই জঘন্যতম হত্যাকাণ্ড থেকে বাঁচতে পারেননি বঙ্গবন্ধুর অনুজ শেখ নাসের, ভগ্নীপতি আবদুর রব সেরনিয়াবাত, তার ছেলে আরিফ, মেয়ে বেবি ও সুকান্তবাবু, বঙ্গবন্ধুর ভাগ্নে মুক্তিযুদ্ধের সংগঠক শেখ ফজলুল হক মনি, তার অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মনি এবং আবদুল নাঈম খান রিন্টু ও কর্নেল জামিলসহ পরিবারের ১৬ জন সদস্য ও ঘনিষ্ঠজন। সে সময় বঙ্গবন্ধুর দুই কন্যা বর্তমান প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ও শেখ রেহানা বিদেশে থাকায় প্রাণে রক্ষা পান।

মুজিবনগরে শোক দিবস উপলক্ষে গ্রামীণ ব্যাংকের বৃক্ষরোপন কর্মসূচি

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে মুজিবনগর গ্রামীণ ব্যাংক নামের এনজিও প্রতিষ্ঠান ।

মঙ্গলবার সকাল সাড়ে নয়টার টার দিকে ব্যাংকের নিজস্ব প্রতিষ্ঠানে এ উপলক্ষে সংস্থার সদস্যদের মাঝে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় এ সকল গাছের চারা বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন গ্রামীণ ব্যাংকের শাখা ব্যবস্থাপক লিংকন আলী,সেকেন্ড ম্যানেজার রাশেদুল ইসলাম,ফিল্ড অফিসার মামুনুর রশিদ,আবু সাঈদ প্রমুখ।

মুজিবনগর উপজেলা শাখার গ্রামীণ ব্যাংকের কর্মসূচি অনুষ্ঠানের আওতায় ১৫শ জন সদস্যদের মাঝে বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়।

গাংনী মহিলা ডিগ্রি কলেজে শোক দিবসের আলোচনা সভা

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গাংনী মহিলা ডিগ্রি কলেজে জাতীয় ও শোক দিবসের পতাকা উত্তোলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০ টার সময় গাংনী মহিলা ডিগ্রি কলেজে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন, শোক দিবসের পতাকা উত্তোলন করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী।

পরে কলেজের হলরুমে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী। এসমসয় কলেজের অন্যান্য শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

“আমার চোখে বঙ্গবন্ধু” ভিডিও

চিত্র নির্মাণ প্রতিযোগীতার প্রস্তুতি সভা

১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা কোমলমতি শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে ও তাদের অংশগ্রহনে জেলা বিভাগ ও জাতীয় পর্যায়ে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে ১ মিনিটের ভিডিও চিত্র তৈরীর প্রতিযোগীতার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের সভাকক্ষে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ^◌াস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিওজা উল জান্নাহ, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ^◌াস, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাছ উদ্দীন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায়, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন প্রমুখ। প্রস্তুতি সভায় বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও তাদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

জেলা এবং উপজেলার স্কুল কলেজ ও তদুর্ধ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে ৩ টি গ্রুপে (ক)প্রাথমিক বা সমপর্যায়ে(খ) মাধ্যমিক বা সমপর্যায়ে ও (গ) উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়ে।
ভিডিওটি প্রস্তুত করে মেইল/ পেন ড্রাইভ/ড্রাইভ বা লিংকের মাধ্যমে আগামি ১৬ জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের বরাবর জমা দিতে হবে। উপজেলা পর্যায়ে তিন জন প্রতিযোগীকে পুরস্কৃত করা হবে। সেখান থেকে জেলা পর্যায়ে যাবে একজন

প্রতিযোগী। জেলা পর্যায়ে থেকে একজন নির্বাচিত হয়ে যাবে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগীতার জন্য।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

“শোক থেকে শক্তির অভ্যুদয়, স্বপ্ন পূরণের দৃঢ় প্রত্যায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

এছাড়াও মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান বক্তব্য রাখেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন,বিজ্ঞ পি.পি পল্লব ভট্টাচার্য,গাংনী পৌর মেয়র আহাম্মদ আলী,জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমূখ।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ সঙ্গীত, কবিতা, আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, কেরু চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দীন, দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসারার অধ্যক্ষ শফি উদ্দীন, দর্শনা প্রবীণ কমিটির সভাপতি হাজি আকমত আলী, দর্শনা সরকারি কলেজের সহকারি অধ্যাপক নাজিম উদ্দীন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা হাজী এরশাদ আলী মাষ্টার, আব্দুস সবুর, পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল আলম, আ.লীগ নেতা আতিয়ার রহমান হাবু, জয়নাল আবেদীন নফর, আব্দুল হাকিম, আ.গফুর, কামাল উদ্দিন আহাম্মেদ সান্টু, আ. জলিল, জাহিদুল ইসলাম, ফয়সাল, শিক্ষক হারুন অর রশিদ, আব্দুর রহিম, নাসির উদ্দীন মাষ্টার প্রমূখ।